# Shahjalal University of Science & Technology

Sylhet-3114, Bangladesh

# Invitation for Re-Tender

## Government of the People's Republic of Bangladesh

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 1. | Ministry/Division | Education Ministry. | | | |
| 2. | Agency | Shahjalal University of Science & Technology (SUST), Sylhet-3114, Bangladesh. | | | |
| 3 | Procuring entity name | Department of Computer Science and Engineering, SUST, Sylhet. | | | |
| 5 | Procuring entity district | Sylhet | | | |
| 6 | Invitation for | Switch. Router, Server, Personal Computer & Computer Accessories. | | | |
| 7 | Invitation Ref No. | CSE-265-1010550. | | | |
| 8 | Date | 18-03-2009. | | | |
| KEY INFORMATION | | | | | |
| 9 | Procurement method | Open Tendering Method (OTM). | | | |
| FUNDING INFORMATION | | | | | |
| 10 | Budget and source of funds | Development fund. | | | |
| | | | | | |
| PARTICULAR INFORMATION | | | | | |
| 11 | Tender Package No. | CSE-265-1010550. | | | |
| 12 | Tender publication date | Within two days from issuing this notice. | | | |
| 13 | Tender last selling date | 05-04-2009. | | | |
| | | Date | | Time | |
| 14 | Tender closing date and time | 06-04-2009 | | 12:00 noon | |
| 15 | Tender opening date and time | 06-04-2009 | | 12:15pm | |
| 16 | Name & address of the office(s) | Address | | | |
| | -Selling tender document | Sonali Bank Ltd , SUST Branch, Sylhet. | | | |
| | -Receiving tender document | Office of the Head of the Department of CSE, SUST. | | | |
| | -Opening tender document | Office of the Head of the Department of CSE, SUST. | | | |
| INFORMATION FOR TENDERER | | | | | |
| 17 | Eligibility of tenderer | Technically sound and financially solvent experience local firms. Importers and suppliers are eligible to participate. | | | |
| 18 | Brief description of goods or works | Procurement of Switch, Router, Server, Personal Computer & Computer Accessories. | | | |
| 19 | Brief description of related services | Described in section of tender schedule. | | | |
| 20 | Price of tender document | Tk 500.00 | | | |

| | Lot No. | Identification of lot | Location | Tender security amount Tk. | Completion time in months |
|---|---|---|---|---|---|
| 22 | 1 | Switch, Router, Server, Personal Computer & Computer Accessories | Department of Computer Science and Engineering | Tk. 25,000.00 | 1 month |

| | | | |
|---|---|---|---|
| PROCURING ENTITY DETAILS | | | |
| 23 | Name of official inviting tender | Professor Dr. M. Zafar Iqbal. | |
| 24 | Designation of official inviting tender | Head | |
| 25 | Address of official inviting tender | Department of Computer Science and Engineering. | |
| 26 | Contact details of official inviting tender | +880821-714479 Ext-254 | 01712-332495 0172-9671342 |
| 27 | The procuring entity reserves the right to accept or reject all tenders. | | |

**Professor Dr. M. Zafar Iqbal**
Head, Department of Computer Science and Engineering,
Sylhet-3114

GD-1444

# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

# দরপত্র বিজ্ঞপ্তি

০১। মন্ত্রণালয়/বিভাগ ঃ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ।
০২। দরপত্র আহবানকারী দপ্তরের নাম ঃ পিসি পোল নির্মাণ প্ল্যান্ট, বিউবো, আরিচা, মানিকগঞ্জ।
০৩। আহবানকারী সত্তার জেলা ঃ মানিকগঞ্জ।
০৪। প্রকিউরমেন্ট মেথড ঃ খোলা দরপত্র (OTM)
০৫। অর্থের উৎস ঃ রাজস্ব।
০৬। দরপত্রের সূত্র নং ও তারিখ ঃ পিসিপি/আরিচা/জি-৩/০৯/০৯, তারিখ- ০৯/০৩/২০০৯ইং।
০৭। দরদাতার যোগ্যতা ঃ বিউবোর ২০০৭-০৮ সালের তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ/এই জাতীয় কাজের পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন প্রকৃত সরবরাহকারীগণ এবং অন্যান্য সরকারি/আধা-সরকারি সংস্থা/প্রতিষ্ঠানের তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ।
০৮। দরপত্র দলিল প্রাপ্তির স্থান ঃ ক) প্রধান প্রকৌশলী, পূর্তকর্ম, বিউবো, বিদ্যুৎ ভবন, ঢাকা।
খ) পরিচালক, পূর্তকাজ, বিউবো, বিদ্যুৎ ভবন, ঢাকা।
গ) নিম্নস্বাক্ষরকারীর পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, আরিচা ঘাট শাখা, মানিকগঞ্জ হইতে দরপত্র ক্রয় করা যাইবে।
০৯। দরপত্র দাখিল/গ্রহণের স্থান ঃ নির্বাহী প্রকৌশলী, পিসি পোল নির্মাণ প্ল্যান্ট, বিউবো, আরিচা, মানিকগঞ্জ এর দপ্তরে রক্ষিত দরপত্র বাক্স।
১০। দরপত্র দলিল বিক্রয়ের শেষ তারিখ ও সময় ঃ ০১/০৪/০৯ইং তারিখ ব্যাংকিং লেনদেন সময় পর্যন্ত।
১১। দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় ঃ ০২/০৪/২০০৯ইং তারিখ দুপুর ১২-০০ ঘটিকা পর্যন্ত।
১২। দরপত্র খোলার তারিখ ও সময় ঃ ০২/০৪/২০০৯ইং তারিখ দুপুর ১২-৩০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে প্রাপ্ত সকল দরপত্র দরদাতাগণের/তাহাদের প্রতিনিধিগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা কমিটি (TOC) কর্তৃক খোলা হইবে।
১৩। কাজের সংক্ষিপ্ত বিবরণ

| ক্র/নং | প্যাকেজ নং | কাজের নাম | অবস্থান | প্রতিটি দরপত্র দলিলের মূল্য (ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার) | জামানতের পরিমাণ (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি) | কার্য সম্পাদনের সময়সীমা (চুক্তি সম্পাদনের তারিখ হইতে) |
|---|---|---|---|---|---|---|
| i. | SSR-18 | হেড মেকিং মেশিনের খুচরা যন্ত্রাংশ সরবরাহ | পিসি পোল নির্মাণ প্ল্যান্ট, বিউবো, আরিচা, মানিকগঞ্জ-এর ভান্ডার | ৳ ৫০০/- | ৳ ১০,৬০০/- | ৩০ (ত্রিশ) দিন। |
| ii. | SSR-9 | সিমেন্ট সাইলোর জন্য খুচরা যন্ত্রাংশ সরবরাহ | | ৳ ৪০০/- | ৳ ৮,২০০/- | ৩০ (ত্রিশ) দিন |
| iii. | SSR-54 | স্পিনিং মেশিনের বিয়ারিং সরবরাহ (২য় ধাপ) | | ৳ ৪০০/- | ৳ ৮,২০০/- | ৩০ (ত্রিশ) দিন |
| iv. | SSR-37 | মেকানিক্যাল সিস্টেম টাইপ (২নং) বার কাটিং মেশিনের গিয়ার বক্সের মালামালসহ বিভিন্ন মালামাল ও বৈদ্যুতিক মালামাল সরবরাহ | | ৳ ৩০০/- | ৳ ৬,৭০০/- | ৩০ (ত্রিশ) দিন |
| v. | SSR-39 | মোল্ডের ইউক্ল্যাম্প সরবরাহ | | ৳ ২৫০/- | ৳ ৫,৪০০/- | ৩০ (ত্রিশ) দিন |

১৪। দরপত্র আহবানকারীর নাম ঃ প্রকৌঃ মোঃ আবুল কালাম আজাদ।
১৫। দরপত্র আহবানকারীর পদবী ঃ নির্বাহী প্রকৌশলী।
১৬। দরপত্র আহবানকারীর ঠিকানা ঃ নির্বাহী প্রকৌশলী, পিসি পোল নির্মাণ প্ল্যান্ট, বিউবো, আরিচা, মানিকগঞ্জ।
১৭। প্রতিটি দরপত্র দলিলের মূল্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ও জামানত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি আকারে উপ-পরিচালক (হিসাব), আহিদ (পিএন্ডসিও), বিউবো, বিদ্যুৎ ভবন, ১নং আঃ গনি রোড, ঢাকার অনুকূলে দাখিল করিতে হইবে। জামানত ব্যতীত কোন দরপত্র গ্রহণ করা হইবে না।
১৮। দরপত্র সিডিউল ক্রয়ের অনুমতি গ্রহণের সময় নিম্নবর্ণিত সনদপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে এবং দরপত্র দাখিলের সহিত অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে। অন্যথায় দরদাতার দাখিলকৃত দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। (ক) হালনাগাদ তালিকাভুক্তির কপি (খ) মালিকাধীন দলিলের কপি (গ) ব্যাংক সলভেনসি সার্টিফিকেট (ঘ) আয়কর সার্টিফিকেট এবং ভ্যাট রেজিস্ট্রেশন কপি (ঙ) অনুরূপ কাজের অভিজ্ঞতার সনদপত্র।
১৯। আলোচ্য দরপত্র সম্পর্কে কোন সংশোধনী (যদি থাকে) অত্র দপ্তরের নোটিশ বোর্ডে এবং দরপত্র দলিলে পাওয়া যাইবে।
২০। আলোচ্য দরপত্রটি The Public Procurement Act-2008 এর Open Tendering Method অনুযায়ী পরিচালিত হইবে।
২১। দরপত্র সিডিউলে বর্ণিত ও বিউবোর নির্ধারিত যে কোন সময়ে আরোপিত শর্তাবলী এই দরপত্রের অংশ হিসাবে গণ্য হইবে।
২২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**নির্বাহী প্রকৌশলী**
পিসি পোল নির্মাণ প্ল্যান্ট
বিউবো, আরিচা, মানিকগঞ্জ

বিদ্যুৎ/জন-১১০৬(৩)/১৬-৩-০৯
জিডি-১৪৫৫

# Corrigendum

**Chittagong Port Authority**

Invitation for tenders (IFT) No. CPA/CHE/41 Dated 22.12.2008

Subject: Procurement of 04 nos. 80 ton capacity weighbridge.

Tender invited for procurement of 04 nos. 80 ton capacity weighbridge vide IFT No. CPA/CHE/41 Dated 22.12.2008 is hereby cancelled due to unavoidable circumstances.

**Director (E&M)**
Chittagong Port Authority

GD-1460

## নর্থ-ওয়েষ্ট পাওয়ার জেনারেশন কোং লিঃ

**North-West Power Generation Co. Ltd.**

An Enterprise of Bangladesh Power Development Board
Biddyut Bhaban, 1, Abdul Gani Road, Dhaka-1000

Memo No: 100/NWPGCL/T-1/2009/ Date: 12/03/2009

# Amendment

The following amendment is made to the advertisement published vide Memo No.-86/NWPGCL/T-1/2009, dt. 23.02.2009. In Sl No.-6, the email address should be read as pdkhu 150.nwpgcl@gmail.com instead of pdkhulna150@gmail.com. All concerned are requested to contact with the new e-mail address accordingly. All other terms & conditions of the advertisement shall remain unchanged.

**Dipak Kumar Dhali**
Company Secretary
North-West Power Generation Co. Ltd

GD-1456

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালকের কার্যালয়
জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল
মহাখালী, ঢাকা

স্মারক নং-এনআইসিআরএইচ/পিজি/এসএড-২০৫/খন্ড-৫/২০০৯/৩৫৮ তারিখঃ ১৫/৩/০৯

# ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা-১২১২ এর জুলাই/২০০৯-২০১০ইং শিক্ষা বর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোর্স কারিকুলাম ও ভর্তি নীতিমালা অনুযায়ী নিম্নলিখিত কোর্সসমূহে ভর্তির জন্য রেজিস্টার্ড মেডিকেল গ্রাজুয়েটদের নিকট হইতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

**কোর্সসমূহের নামঃ ০৩ (তিন) বছর মেয়াদী।**

১। এমডি (রেডিয়েশন অনকোলজী)।
২। এমডি (মেডিকেল অনকোলজী)।
৩। এমএস (সার্জিক্যাল অনকোলজী)।

**ভর্তি সংক্রান্ত যোগ্যতা ও সাধারণ তথ্যাবলীঃ**

১। আবেদনকারীকে অবশ্যই ঢাকা বিশ্ববিদ্যালয় অথবা সমমানের যে কোন বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস ডিগ্রি ও ইন্টার্নশীপ সমাপ্ত হইতে হইবে। যাহা বাংলাদেশ মেডিকেল এবং ডেন্টাল কাউন্সিল কর্তৃক অনুমোদিত হইতে হইবে।
২। (ক) মাধ্যমিক ও এমবিবিএস পাসের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(খ) বিএমডিসি এর রেজিস্ট্রেশন সনদপত্রের হালনাগাদ নবায়নকৃত সত্যায়িত ফটোকপি।
(গ) পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি।
(ঘ) বর্তমান কর্মস্থলে নিয়োজিত থাকার প্রমাণপত্র (উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলস্বাক্ষরসহ, প্রযোজ্য ক্ষেত্রে)।
(ঙ) সরকারি প্রার্থীদের ক্ষেত্রে স্বীয় প্রতিষ্ঠান প্রধানের নিকট হইতে বিগত ২ (দুই) বছরের মধ্যে কোন প্রেষণ/শিক্ষা ছুটিতে থাকেন নাই এই মর্মে সনদ প্রদান করিতে হইবে।
(চ) প্রেষণ পাইয়া থাকিলে শেষ প্রেষণাদেশ এর কপি সংযুক্ত করিতে হইবে।
(ছ) কোর্সের প্রয়োজন অনুযায়ী প্রশিক্ষণের সনদপত্র জমা দিতে হইবে।
৩। অত্র প্রতিষ্ঠানের একাডেমিক শাখা হইতে ৮০০/- (আটশত) টাকা (অফেরতযোগ্য) প্রদানপূর্বক আগামী ২৫/০৩/২০০৯ইং তারিখ হইতে ২/০৪/২০০৯ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদনপত্রের নির্ধারিত ফরম সংগ্রহ করিতে হইবে।
৪। নির্ধারিত ফরমে দরখাস্ত আগামী ৫/০৪/০৯ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অত্র প্রতিষ্ঠানের একাডেমিক শাখায় জমা দিতে হইবে।
৫। যোগ্য আবেদনকারীকে আগামী ১৩/০৪/০৯ইং ও ১৫/০৪/০৯ইং তারিখ অফিস চলাকালীন সময়ে অত্র প্রতিষ্ঠানের একাডেমিক শাখা হইতে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র সংগ্রহ করিতে হইবে। ডাকযোগে প্রবেশপত্র প্রদান করা হইবে না বা কোনরূপ টিএ/ডিএ প্রদান করা হইবে না।
৬। উপরোল্লিখিত কোর্সসমূহের লিখিত ভর্তি পরীক্ষা আগামী ১৭/০৪/২০০৯ইং তারিখে সকাল ৯:৩০ হইতে ১১:০০ ঘটিকা পর্যন্ত অত্র ইনস্টিটিউট ও হাসপাতালে বা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য কোন স্থানে অনুষ্ঠিত হইবে।
৭। এফসিপিএস পাসকৃত ভর্তি ইচ্ছুক প্রার্থীগণ একই বিষয়ে এমডি (রেডিয়েশন অনকোলজী) এবং এমএস (সার্জিক্যাল অনকোলজী) কোর্সে বিশ্ববিদ্যালয় ও বিসিপিএস এর নীতিমালা অনুযায়ী ভর্তি হইবেন।
৮। সরকারি চিকিৎসকদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে এবং অত্র ইনস্টিটিউটে প্রেরিত/দাখিলকৃত অগ্রীম কপি অবশ্যই নির্ধারিত মূল ফরমে হইতে হইবে।
৯। জুলাই সেশন কোর্সে ভর্তির জন্য ৩০ জুন ২০০৯ইং পর্যন্ত ০২ (দুই) বৎসর চাকুরীকাল পূর্ণ না হইলে সরকারি প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন না।
১০। জুলাই সেশনে কোর্সে ভর্তির জন্য ৩০ জুন ২০০৯ইং তারিখের মধ্যে সরকারি প্রার্থীদের বয়স ৪৫ বছরের নীচে হইতে হইবে।
১১। কোন সুনির্দিষ্ট বিষয়ে ০৬ (ছয়) মাসের ইন্টার্নশীপ কালীন প্রশিক্ষণকে কোন কোর্সের জন্য প্রশিক্ষণ হিসাবে গ্রহণ করা হইবে না।
১২। বেসরকারি প্রার্থীগণের ক্ষেত্রে ০১ (এক) বৎসরের ইন্টার্নশীপ সম্পন্ন করার পর জুলাই সেশনে ভর্তির জন্য ৩০ জুন ২০০৯ইং তারিখ কমপক্ষে আরও ১ বৎসর অতিক্রান্ত হইলেই কেবল আবেদন করা যাইবে।
১৩। ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্যান্য বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটদের ভর্তির সময় মাইগ্রেশন সার্টিফিকেট অবশ্যই দাখিল করিতে হইবে। প্রার্থীদের ভর্তির পূর্বে অবশ্যই মূল সনদপত্রসমূহ, মূল মার্কসীট, প্রশিক্ষণের সনদ দাখিল করিতে হইবে।
১৪। যাহাদের উপরোক্ত কোর্সের প্রয়োজনীয় প্রশিক্ষণ বা যোগ্যতা নাই তাহাদের আবেদন করার প্রয়োজন নাই।
১৫। প্রয়োজনীয় প্রশিক্ষণ ও যোগ্যতা থাকিলে বেসরকারি ডাক্তারগণও আবেদন করিতে পারিবেন এবং নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত টিউশন ফি প্রদানপূর্বক কোর্সে ভর্তি হইতে হইবে।
১৬। যে কোন প্রকার ভুল তথ্য প্রদান করিলে তাহার পরীক্ষা/ভর্তি বাতিল বলিয়া গণ্য হইবে।
১৭। যে কোন প্রকার ত্রুটিযুক্ত বা অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
১৮। স্নাতকোত্তর কোর্সে অধ্যয়ন/প্রেষণ/শিক্ষা ছুটি/অসাধারণ ছুটি ইত্যাদি বিষয়ে সরকারি সর্বশেষ সিদ্ধান্ত সকল আবেদনকারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।
১৯। লিখিত পরীক্ষার সময় প্রত্যেক প্রার্থীকে কালো কালির বল পেন ও ক্লিপ বোর্ড অবশ্যই সংগে আনিতে হইবে।

**অধ্যাপক (ডাঃ) মোঃ হাফিজুর রহমান আনসারী**
পরিচালক ও অধ্যাপক, রেডিওথেরাপী
জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল
মহাখালী, ঢাকা

জিডি-১৪৩২

## ADMISSION ANNOUNCEMENT

## MBA (EVENING) PROGRAM

## FACULTY OF BUSINESS STUDIES

## UNIVERSITY OF DHAKA

**The program features:**

- **Specialty areas:** Management Studies, Accounting and Information Systems, Marketing, Finance, Banking, Management Information Systems (MIS), Tourism & Hospitality Management and International Business.
- **Tri–semester system:** To complete the program in shortest possible time.
- **Unique program:** To address needs of individual students.

**Minimum Requirement:** Bachelor Degree in any discipline with minimum 6 points (First Division =3, Second Division =2, Third Division = 1, GPA 4 =3, GPA 3 =2 and GPA 2 =1 point).

**Years of schooling & job experience will carry weights.**

**Date of Submission of Application:** From **March 19 to April 02, 2009.** Application in prescribed form must be submitted to the Office of the Dean.

**Availability of Form:** Prescribed application forms for admission to MBA (Evening) Program will be available at the Sonali Bank, Dhaka University Campus Branch, from **March 19 to April 02, 2009** on payment of Tk. 500.

**Admission Test: April 10, 2009 at 03.00 P.M. (Friday).**

**For details please contact the Office of the Dean, Faculty of Business Studies, University of Dhaka. Telephone # 8613295, 9661920-73/ Ext. 4360.**

GD-1452

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
মানব উন্নয়নের জন্য সাক্ষরতা উত্তর ও অব্যাহত শিক্ষা প্রকল্প-২
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

স্মারক নং ঃ পিমু / পিএলসিইএইচডি-২ / প্রশা./জনবল নিয়োগ/২-৯ /(অংশ-৩)/০৯/৪৩৮ তারিখঃ ১৫/০৩/২০০৯

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন মানব উন্নয়নের জন্য সাক্ষরতা উত্তর ও অব্যাহত শিক্ষা প্রকল্প-২ (পিএলসিইএইচডি-২) -এর নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদ পর্যন্ত (জুন ২০১১ অথবা প্রকল্পের মেয়াদ বৃদ্ধি হলে বর্ধিত মেয়াদকাল পর্যন্ত) নিয়োগ দানের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম, বেতনক্রম ,পদের সংখ্যা | বয়স | যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ |
|---|---|---|---|
| ১। | প্রজেক্ট অফিসার<br>সর্বসাকুল্য বেতন-১১০৪০/-<br>গ্রেড-৯<br>পদের সংখ্যা- ৪(চার)টি<br>কর্মস্থল ঃ প্রকল্পের জেলা কার্যালয় | অনুর্ধ ৩০ বছর | ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী অথবা ২য় শ্রেণীর ৪(চার) বছর কোর্সের অনার্স ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে কোন সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা/বেসরকারী প্রতিষ্ঠানে ২(দুই) বছরের চাকরির অভিজ্ঞতা ;<br>খ) কম্পিউটারে পারদর্শী, বিশেষ করে MS Word, Excel. |
| ২। | সহকারী প্রজেক্ট অফিসার<br>সর্বসাকুল্য বেতন-৮৬৬০/-<br>গ্রেড-১০<br>পদের সংখ্যা- ১০(দশ) টি<br>কর্মস্থল ঃ প্রকল্পের জেলা কার্যালয় | অনুর্ধ ৩০ বছর | (ক) শিক্ষা জীবনে ন্যূনতম দুইটি দ্বিতীয় বিভাগ / শ্রেণীসহ মাস্টার্স ডিগ্রী অথবা ৪(চার) বছর কোর্সের অনার্স ডিগ্রী। সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান থেকে কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে ;<br>খ) কম্পিউটারে পারদর্শী, বিশেষ করে MS Word, Excel. |

**সাধারণ নির্দেশাবলী**

১। ৩১/০৩/২০০৯ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের জন্য এসএসসি বা সমমানের পরীক্ষা পাশের মূল সনদপত্র বিবেচিত হবে । বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
২। দরখাস্তকারীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে ।
৩। প্রকল্প পরিচালক, পিএলসিইএইচডি-২, বিএনএফই ভবন, ২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ এর বরাবর ১৬/০৪/২০০৯ তারিখের মধ্যে ডাকযোগে নিম্নোক্ত ছক মোতাবেক আবেদনপত্র পৌঁছাতে হবে । হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না ।

**আবেদনপত্রের ছক**

পদের নাম :
(১) প্রার্থীর নাম :
(২) পিতা/ স্বামীর নাম :
(৩) মাতার নাম :
(৪) নিজ জেলা :
(৫) স্থায়ী ঠিকানা :
(৬) বর্তমান ঠিকানা :
(৭) জন্ম তারিখ :
(৮) বয়স (৩১/০৩/২০০৯ তারিখে): বৎসর মাস দিন
(৯) শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিষয় | পাসের সন | বোর্ড/ বিশ্ববিদ্যালয় | প্রাপ্ত বিভাগ/শ্রেণী |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

(১০) অভিজ্ঞতা (যদি থাকে):
(১১) ট্রেজারী চালান নম্বরঃ..............তারিখঃ...............ব্যাংকে শাখার নামঃ........................

তারিখ ঃ আবেদনকারীর স্বাক্ষর

সংযুক্তি ঃ ক)
খ)
গ)
ঘ)
ঙ)

৪। আবেদনপত্রের সাথে ১নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ১০০/=(একশত) এবং ২নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০/=(পঞ্চাশ) টাকার ট্রেজারী চালান ১-২৪৫০-৫৯৬০-২৬৮১ কোডে জমাদান পূর্বক ট্রেজারী চালানের মূলকপি সংযুক্ত করতে হবে ।
৫। সরকারী নীতিমালা মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে।
৬। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর/সাবেক উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের অথবা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ও উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য হবে ।
৭। প্রার্থীকে অবশ্যই আবেদনপত্রের সাথে নিম্নোক্ত সার্টিফিকেট ও কাগজপত্র দাখিল করতে হবে। অন্যথায় তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে ঃ
ক. ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা প্রার্থীর পাসপোর্ট সাইজের ৩ কপি ছবি ;
খ. মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্রের ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি;
গ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হিসাবে চাকরি প্রার্থীকে চাকরির আবেদনপত্রের সহিত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/ মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট এর ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি;
ঘ. আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট পদের শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদের ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি ;
ঙ. উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান/জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি ;
চ. পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্বের সার্টিফিকেট;
ছ. প্রত্যেক আবেদনপত্রের সাথে প্রার্থীর নিজের নাম ও ঠিকানা সম্বলিত তিন টাকার অব্যবহৃত স্ট্যাম্পযুক্ত একটি ফেরত খাম;
জ. খামের উপর পদের নাম ও প্রকল্পের নাম উল্লেখ করতে হবে;
ঝ. উপানুষ্ঠানিক শিক্ষা কাজে অভিজ্ঞ প্রার্থীদের অভিজ্ঞতার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র;
ঞ. উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর/সাবেক উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পে কর্মরত ও পূর্বে অব্যাহতি প্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগ পত্র ও অব্যাহতিপত্রের ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি;
ট. কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে প্রশিক্ষণ সনদের ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি ;
ঠ. ক্রমিক নং ১ ও ২ এ বর্ণিত পদের পার্শ্বে উল্লেখিত অভিজ্ঞতার সনদ পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে ।
৮। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে ।
৯। অস্পষ্ট/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত/একই খামের মধ্যে একাধিক প্রার্থীর একত্রে প্রাপ্ত আবেদনপত্র অথবা আবেদনপত্রের গায়ে কোন প্রকার সুপারিশ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে ।
১০। আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র সর্বাধিক উপযুক্ত প্রার্থীগণকে লিখিত, মৌখিক বা ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে ।
১১। প্রার্থীকে লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১২। বর্ণিত পদসমূহের ক্ষেত্রে বেতন অর্থ বিভাগের সার্কুলার মোতাবেক সর্বসাকুল্য হারে প্রদান করা হবে ।
১৩। উপরোক্ত শর্তাবলীর যে কোন অংশে সংশোধন/সংযোজনসহ যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে কিংবা ইন্টারভিউ কার্ড প্রদানে বাধ্য থাকবেন না ।

প্রকল্প পরিচালক

GD-1451